# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**09 OCTOBER 2024** **7:45—7:55 PM IST**

==============================================================

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মুর আজ নতুন দিল্লীতে অখিল ভারতীয় আয়ুর্বেদ প্রতিষ্ঠান ,এ আই আই এ-র অষ্টম প্রতিষ্ঠা দিবস আনুষ্ঠানিকভাবে উদ্বোধন ।

২) আফস্পার অধীনে রাজ্য সরকারের তিনসুকীয়া ,ডিব্রুগড় ,চরাইদেও এবং শিবসাগর জেলাকে পরবর্তী ছয়মাস পর্যন্ত অশান্ত অঞ্চল হিসেবে ঘোষনা ।

৩) কেন্দ্রীয় সরকার রক্ত এবং পুষ্টিকর উপাদানের অভাব দূর করার উদ্দেশ্যে ভিটামিন ইত্যাদি যুক্ত করে পুষ্টিদায়ক করে তোলা পোষণদায়ী চালের সরবরাহের প্রস্তাবে অনুমোদন ।

এবং

৪) ষষ্ঠীর বেদীতে দেবী দূর্গার প্রাণ প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে শারদীয় দূর্গোৎসব আরম্ভ । সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও উৎসবমুখর পরিবেশ ।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুনদিল্লিতে অখিল ভারতীয় আয়ুর্বেদ প্রতিষ্ঠান- এ আই আই এ’র অষ্টম প্রতিষ্ঠা দিবসের আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন । এই উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে কেন্দ্রীয় আয়ুষ দপ্তরের মন্ত্রী প্রতাপরাও যাদব এবং দিল্লির উপ-রাজ্যপাল বিনয় কুমার সাক্সেনাও অংশগ্রহণ করেন ।

-----------------------------------------------------------------------------------------

আসাম সরকার সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা আইন- আফ্‌সপা'র অধীনে তিনসুকিয়া, ডিব্রুগড়, শিবসাগর এবং চরাইদেউ জেলাকে অশান্ত অঞ্চল হিসেবে গণ্য করার মেয়াদ আরো ছ'মাস বাড়ানো হবে বলে প্রকাশ করেছে । উল্লেখ্য- বিগত পয়লা এপ্রিল থেকে ঐ জেলাগুলিতে ছ'মাসের জন্য এই আইন বলবৎ করা হয়েছিল । গত তিনবছরে রাজ্যের সামগ্রিক পরিস্থিতির উন্নতি হলেও সাম্প্রতিককালে প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশে সৃষ্টি হওয়া অশান্তি এবং আভ্যন্তরীণ আইন শৃঙ্খলা জনিত পরিস্থিতির প্রতি দৃষ্টি রেখে আসামেও এর প্রভাব পড়ার আশঙ্কায় রাজ্যসরকার এই আইনের মেয়াদ বৃদ্ধির পরামর্শ দিয়েছে। এই বিষয়ে আসাম সরকারের গৃহ ও রাজনৈতিক পরিক্রমা বিভাগ কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রণালয়ের কাছে একটি প্রস্তাব দাখিল করেছিল । মন্ত্রণালয় এই প্রস্তাবটি বিবেচনা করে ঐসব অঞ্চলে পরবর্তী ছ'মাসের জন্য স্থিতাবস্থা বহাল রাখার সিদ্ধান্ত গ্রহণ করে । এর পরিপ্রেক্ষিতে রাজ্যপাল ঐ চারটি জেলাকে পুনরায় আগামী ছ'মাসের জন্য অশান্ত অঞ্চল হিসেবে ঘোষণা করে আইনটি বহাল রাখার সিদ্ধান্ত ঘোষণা করেছে ।

-----------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার রক্ত ও পুষ্টিকর উপাদানের অভাব দূর করার উদ্দেশ্যে ভিটামিন ইত্যাদি যুক্ত করে পুষ্টিকর খাবার করে তোলা পোষণদায়ী চালের সরবরাহের প্রস্তাবে অনুমোদন জানিয়েছে । নতুনদিল্লিতে সংবাদ মাধ্যমের সঙ্গে কথাপ্রসঙ্গে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণৈ এই বিষয়ে প্রকাশ করেন । তিনি এই সিদ্ধান্তকে সর্বাত্মক বিকাশ ও পুষ্টি সুরক্ষা সুনিশ্চিতকরণের একটি পদক্ষেপ বলে উল্লেখ করেন । তিনি বলেন যে- এই প্রকল্প বাবদ ১৭ হাজার কোটিরও বেশি টাকা ব্যয় হবে ।

-----------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় পর্যটন দপ্তরের মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াতের পৌরহিত্যে আজ ভিডিও কনফারেন্সিং ব্যাবস্থার মাধ্যমে অনুষ্ঠিত এক পর্যালোচনা বৈঠকে রাজ্যের পর্যটন মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া অংশগ্রহণ করেন । এই বৈঠকে রাজ্যগুলিকে পর্যটন ক্ষেত্রের উন্নয়নে আরো অর্থ প্রদানের জন্য বিশেষ সহায়তার বিষয়ে আলোচনা করা হয় । রাজ্যসমূহের বিখ্যাত পর্যটনস্থলগুলি বিশ্বমানে উন্নীত করে বহনক্ষম পর্যটনের মাধ্যমে স্থানীয় লোকের নিযুক্তি সৃষ্টি করার বিষয়েও বৈঠকে আলোচনা করা হয় বলে মন্ত্রী শ্রী মল্লবরুয়া সামাজিক মাধ্যমে জানান । তিনি বলেন যে কেন্দ্রীয় পর্যটন মন্ত্রনালয়ের এই প্রয়াস রাজ্যের পর্যটন ক্ষেত্রে ইতিবাচক প্রভাব ফেলবে ।

-----------------------------------------------------------------------------------------

আসামের রাজ্যপালের পক্ষ থেকে প্রতিভা প্রচার যোজনা চালু করা হয়েছে । এই যোজনায় প্রতিভাবন যুবকদের লালন-পালনের মাধ্যমে ইউনিয়ন পাবলিক সিভিল সার্ভিস পরীক্ষায় বসার জন্য নতুন দিল্লীর দুটি সংস্থার সঙ্গে রাজ্যের ৫১২ জন প্রার্থীকে প্রয়োজনীয় প্রশিক্ষন প্রদান করা হবে । এরমধ্যে ১২ জনকে সরাসরি মোডে এবং ৫০০ জনকে অন লাইন মোডে তাদের প্রিলিম ও মেইনস উভয় ক্ষেত্রে দক্ষতা অর্জনের জন্য প্রয়োজনীয় সংস্থান ও পরামর্শ প্রদান করা হবে । এজন্য ইচ্ছুক প্রার্থীদের ইউ পি এস সি-র অফিসিয়াল ওয়েব সাইট https//gappy.assam.gov.in এ আবেদন করতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

আসাম ডাক পরিমন্ডল ডাক সেবা ,জনসেবা শীর্ষক বিষয়বস্তু নিয়ে ডাক সপ্তাহ পালন করছে । আগামী ১১অক্টোবর পর্যন্ত চলা ডাক সপ্তাহ সম্পর্কে আসাম পরিমন্ডল ডাক সেবার সঞ্চালক অভিষেক জৈন বলেন যে ডাক সপ্তাহের সঙ্গে সঙ্গতি রেখে রাজ্যজুড়ে বিভিন্ন কার্যসূচী গ্রহণ করা হয়েছে । সে অনুসারে আজ বিশ্ব ডাক দিবস ,আগামীকাল অন্ত্যোদয় দিবস এবং পরশু অর্থ সবলীকরণ দিবস পালন করা হবে । আর্ন্তজাতিক স্তরে ডাক আদান-প্রদান ব্যাবস্থাকে পরিচালনা করা সার্বজনীন ডাক সংঘের ১৫০ বছর সম্পূর্ণ করা জাতীয় ডাক সপ্তাহের অন্যতম দিক বলে উল্লেখ করে সঞ্চালক আসামের জনসাধারণকে ডাক ঘরের সঙ্গে জড়িত হবার আহ্বান জানান । তিনি লেন যে ডাক বিভাগ চিঠি-পত্র ,সামগ্রী আদান প্রদান ছাড়াও একাউন্ট খোলা ,বীমা ,আধার কার্ড , পাসপোর্ট ইত্যাদিরও সুবিধা প্রদান করছে ।

---------------------------------------------------------------------------------

দিল্লি হাইকোর্ট কংগ্রেস নেতা রাহুল গান্ধীর নাগরিকত্ব বাতিল করার সংক্রান্ত বিষয়ে রুজু হওয়া একটি মামলার শুনানি স্থগিত রেখেছে । কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রণালয় এই কংগ্রেস নেতার নাগরিকত্ব খারিজ করার আহ্বান জানিয়ে দাখিল করা একটি জনস্বার্থ জনিত আবেদনের শুনানি দিল্লি হাইকোর্টের মুখ্যবিচারপতি মনমোহনের নেতৃত্বাধীন ডিভিশন বেঞ্চ আগামী ছয়ই নভেম্বর পর্যন্ত স্থগিত রাখার কথা ঘোষণা করে । উল্লেখ্য- রাহুল গান্ধী নিজেকে ব্রিটেনের নাগরিক হিসেবে ঘোষণা করার পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রণালয় এই আবেদন দাখিল করেছিল ।

---------------------------------------------------------------------------------

শারদীয় দূর্গাপূজা উপলক্ষ্যে রাজ্যের বিভিন্ন প্রান্তে ব্যাপক উৎসাহ উদ্দীপনা বিরাজ করছে । ষষ্ঠীর বেদীতে দেবী দূর্গার প্রাণ প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে এবছরের শারদীয়

দূর্গোৎসবের সূচনা হয়েছে । রাজ্যের নানা প্রান্তের পূজা মন্ডপগুলিকে ভিন্ন ভিন্ন থিম নিয়ে সুন্দর আলোকসজ্জায় সজ্জিত করে তোলা হয়েছে । এদিকে প্রসিদ্ধ দেবালয়গুলিতে নবরাত্রির প্রথম দিন থেকেই পরম্পরাগত ধর্মীয় আচার অনুষ্ঠানের মাধ্যমেদেবী দূর্গার পূজা অর্চনা চলছে ।

রাজ্যপাল লক্ষণপ্রসাদ আচার্য শারদীয় দূর্গাপূজা উপলক্ষ্যে আসামের জনসাধারণকে আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । এ উপলক্ষ্যে এক বার্তায় রাজ্যপাল বলেন যে দূর্গা পূজা উদযাপন অশুভ শক্তির বিরুদ্ধে শুভ শক্তির বিজয় সাব্যস্ত করার কাথাকে প্রতিফলিত করে । রাজ্যপাল পরিবেশের ক্ষতি না করে সকলকে পূজার আনন্দ উপভোগ করার আহ্বান জানান ।
মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা দূর্গোৎসব উপলক্ষ্যে এক বার্তায় বলেন যে বৈদিক যুগ থেকে প্রচলিত দূর্গাপূজা মূল্যবোধ তথা মানবতাবোধের ভিত্তিতে এগিয়ে যেতে সকলকে অনুপ্রাণিত করে । অপশক্তি নাশ করে শক্তিরূপা দূর্গতিনাশিনী দেবী শুভশক্তিকে প্রতিষ্ঠা করে প্রতিকীভাবে অসত্যের বিপরীতে সত্যের জয় সুনিশ্চিত করে বলে মূখ্যমন্ত্রী মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------------------

আজ মহাষষ্ঠী তিথিতে বিল্ববৃক্ষতলে দেবী দুর্গার আবাহনের মাধ্যমে পাঁচদিনব্যাপী শারদীয় দুর্গোৎসবের সূচনা হয়েছে । এবছর পঞ্জিকার কিছুটা রকমফের থাকায় পুজোর দিন ও নির্ঘন্টের ক্ষেত্রে খানিকটা হেরফের রয়েছে । বিগত কয়েকদিন ধরে আবহাওয়া অনুকুল না থাকায় পুজোর আনন্দ উৎসাহকে নিয়ে জনমনে যে উদ্বেগের সৃষ্টি হয়েছিল, গতকাল থেকে পরিবেশ কিছুটা স্বাভাবিক হওয়ায় দুর্গোৎসবের আনন্দ ধীরেধীরে বাড়তে শুরু করেছে । গতকাল থেকেই বরাক উপত্যকার তিন জেলায় জনসাধারণের মধ্যে পূজোর উৎসাহ উদ্দীপনা ক্রমে জোরদার হচ্ছে। আজও সকাল থেকেই বিভিন্ন পূজো মন্ডপে ছোট ছোট ছেলেমেয়ে এবং বয়স্ক ও যুবক-যুবতীদের ঘোরাফেরা করতে দেখা গেছে । গতরাত্রে বিশেষ করে উধারবন্দ পুজো মন্ডপে দর্শনার্থীদের ভীড় ছিল চোখে পড়ার মতো । আজ ষষ্ঠী তিথিতেও শহর ও গ্রামাঞ্চলের বিভিন্ন স্থানে পূজো দর্শনার্থীদের ভীড় পরিলক্ষিত হচ্ছে ।

শিলচরের বিগবাজেটের পূজো- শ্যামাপ্রসাদ রোড দুর্গাপূজা কমিটি তাদের ৫৫ তম বর্ষপূর্তি উপলক্ষে থিমভিত্তিক পূজোর আয়োজন করেছে । তাদের এবারের থিম- আমেরিকার ওয়াইট হাউস । এছাড়াও প্রতিমা সজ্জায় ষাট কিলোগ্রাম ওজনের সিটি গোল্ড ব্যবহার করা হয়েছে । গতকাল পঞ্চমী তিথিতে মন্ডপটি উদ্বোধনের পর থেকেই

সেখানে দর্শনার্থীদের ভীড় শুরু হয়ে গেছে। এদিকে শিলচরের কালীমোহন রোড দুর্গাপূজা কমিটির এবছরের থিম- পুরীর জগন্নাথ মন্দিরের আদলে তৈরি মন্ডপ । তারাপুরের প্রথমপল্লী ক্লাব এবছর দক্ষিণেশ্বর কালীমন্দিরের আদলে তাদের মন্ডপসজ্জা করেছে । তাদের পূজোয় প্রতিমা নির্মাণেও রয়েছে বিশেষত্ব । দেবী দুর্গার কাঠামের প্রত্যেক দেব দেবীকে একটি বিশেষ ধরণের পাত্রে বসানোর মতো করে উপস্থাপিত করা হয়েছে ।

করিমগঞ্জের সুভাষ নগর শিববাড়ী রোড দুর্গাপূজার ৫৫ তম বর্ষ উপলক্ষে বিশেষ আয়োজনের ব্যবস্থা করা হয়েছে । হাইলাকান্দি জেলায়ও বেশকয়েকটি বিগ বাজেটের পূজোর আয়োজন করা হয়েছে । ঐ জেলার মা অন্নপূর্ণা ক্লাবের এবছরের থিম প্যারিসের আইফেল টাওয়ার ।

---

কাছাড় জেলায় দূর্গা পূজা উপলক্ষ্যে জেলার শান্তি-শৃংখলা রক্ষনা বেক্ষনের জন্য আগামী ১০ই অক্টোবর থেকে ১৪ই অক্টোবর পর্যন্ত সংশ্লিষ্ট এলাকায় ম্যাজিষ্ট্রেট নিয়োগ করা হয়েছে । জেলা ম্যাজিষ্ট্রেট জানিয়েছেন যে শিলচর সদর পুলিশ স্টেশন এলাকায় চক্র আধিকারীক অরুন জ্যোতি দাস , সহকারী আয়ুক্ত প্রবীন মাহাতো , দীপা দাস ও ফুনলালগির চোরেই-কে দায়িত্ব দে ওয়া হয়েছে । অনুরূপভাবে সোনাই ও কচুদরম এলাকায় চক্র আধিকারীক মারিয়া তানিম , ধলাই থানা এলাকায় নয়হাট হা ওলাই , কাটিগড়ায় রর্বাট টিউলোর , উধারবন্দ-বড়খলায় ঋতুরাজ বরদৈলীকে নিয়োজিত করা হয়েছে ।

---

আসন্ন দূর্গাপূজা উপলক্ষ্যে শিলচর পৌরসভার অধীন সড়কগুলিতে আজ থেকে আগামী ১৩ অক্টোবর পর্যন্ত যানবাহন চলাচলের ওপর বিধি নিষেধ আরোপ করা হয়েছে । সে অনুসারে ওই দিনগুলিতে ৯ টা থেকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত শহরে সবধরনের ভারী ও মাঝারি ট্রাকের চলাচল বন্ধ থাকবে । আসাম মেঘালয় ত্রিপুরা মিজোরামের রাজ্যসরকারের অধীনের যাত্রীবাহী বাস এবং সুপারবাসগুলি সকাল ৯ টার পর রামনগর,নাগাটিলা ,রংপুর ,রায়গড় থেকে চলাচল করবে । করিমগঞ্জ ,হাইলাকান্দি রুটের সবধরণের বাণিজ্যিক যাত্রীবাহী গাড়ি রামনগর থেকে যাতায়াত করবে । একইভাবে লক্ষীপুর ,উধারবন্দ ও মণিপুরের সবধরণের বাণিজ্যিক যাত্রীবাহী গাড়ী রামকৃষ্ণ পেট্রোলপাম্প এবং সোনাই মিজোরামের গাড়ীগুলি জাঙ্গিয়ানা পয়েন্ট থেকে এবংমাছিমপুর রুটের গাড়িগুলি তারাপুর ,রায়গড় ,ধোয়ারবন্দ রুটের গাড়িগুলি কাঠাল পয়েন্ট থেকে যাতায়াত করতে পারবে ।

পৌর এলাকার ভিতরে থাকা রিকশা এবং অটোগুলি পৌর এলাকার বাইরে অস্থায়ী স্ট্যান্ডে থাকবে । মালুগ্রাম বা ট্রাঙ্ক রোডের দিক থেকে আসা অন্যান্য গাড়িগুলি সদরঘাট পয়েন্ট থেকে ফরেস্ট অফিসের সামনে দিয়ে জানিগঞ্জ জানিগঞ্জ দেওয়ানজি বাজার হয়ে প্রেমতলার দিক দিয়ে রাঙ্গিরখাড়ি যেতে পারবে । হাসপাতাল রোড থেকে কোনোধরণের যানবাহন চেগকুড়ি রোড অভিমূখে যেতে পারবে না । পূজার প্রথম দিন দুপুর দুটো থেকে এক নম্বর লিংক রোড পুনরাদেশ না দেওয়া পর্যন্ত ওয়ান ওয়ে হিসেবে পরিগণিত হবে । সবধরণের যানবাহন সোনাই রোডের দিক থেকে লিংক রোডে ঢুকতে পারবে এবং হাইলাকান্দি রোড হয়ে বের হবে । লোচন বৈরাগী রোড দুপুর দুটো থেকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত নো এন্ট্রি জোন হিসেবে থাকবে । করিমগঞ্জ এবং হাইলাকান্দির দিক থেকে আসা অন্যান্য হালকা যানবাহনগুলি ন্যাশনেল হাইওয়ে পয়েন্ট হয়ে রাঙ্গিরখাড়ি পয়েন্ট দিয়ে শিলচর শহরে প্রবেশ করতে পারবে । ইন্ডিয়া ক্লাব পয়েন্ট থেকে তারাপুর ই অ্যান্ড ডি কলোনী পয়েন্ট পর্যন্ত আজ থেকে আগামী ১৩ ই অক্টোবর দুপুর দুটো থেকে কোনো ধরণের যানবাহন চলাচল করতে পারবে না ।

শিলচর থেকে উধারবন্দ ও বড়খলার উদ্দেশ্যে যাওয়া গাড়ী সদরঘাট পুরোনো ব্রিজ হয়ে অথবা অন্নপূর্ণা ব্রিজ ও ছোট দুধপাতিল ময়নারবন্দ হাইওয়ে হয়ে উধারবন্দ যেতে পারবে । এছাড়া যেকোনো ধরণের যানবাহনে কালো গ্লাস ব্যাবহার নিষিদ্ধ ।

---------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে শারদীয় দূর্গা পূজা উপলক্ষ্যে জনসাধারনের যেকোন প্রয়োজনে সহায়তা প্রদান ও অভিযোগের নিষ্পত্তির জন্য একটি কন্ট্রল রুম খোলা হয়েছে । জেলা দূর্যোগ মোকাবিলা বিভাগের কার্য্যলয়ে থাকা এই কন্ট্রল রুমের টেলিফোন নম্বর হচ্ছে-০৩৮৪২-২৩৯২৪৯ এবং টোল ফ্রি নম্বর হচ্ছে ১০৭৭ । এছাড়া পুলিশ কন্ট্রল রুমের টোল ফ্রি নম্বর হচ্ছে- ১০০ ।

---------------------------------------------------------------------------------